গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর**
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

বিষয়ঃ **জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রিয়াজ আহম্মদ<br>মহাপরিচালক<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |
| সভার তারিখ | : | ০৮ জুলাই, ২০১৮ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভার শুরুতে মহাপরিচালক জনাব মোঃ রিয়াজ আহম্মদ সভায় উপস্থিতির জন্য সকলকে স্বাগত জানান।

সভার সভাপতি ও মহাপরিচালক জনাব মোঃ রিয়াজ আহম্মদ উপস্থিত সকলের উদ্দেশ্যে নির্দেশনামূলক বক্তব্য রাখেন। মহাপরিচালক জানান এখন হতে নিয়মিত এ সভা অনুষ্ঠিত হবে। তিনি গমের মূল্যের বিপরীতে কাজের মনিটরিং জোরদার এবং কাজের মান ভাল করার নির্দেশনা প্রদান করেন। প্রকল্প নির্বাচনের ব্যাপারে সংশ্লিষ্টদের আরো অধিকতর সতর্ক হওয়ার প্রয়োজন রয়েছে মর্মে জানান। বরাদ্দ প্রদান, প্রকল্প গ্রহণ, সময়মত কাজ শুরুর বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সুনির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের নিয়ে কাজের সমন্বয় সাধনের আহবান জানান। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের প্রকল্পের কাজের উপর নজরদারী বাড়ানোর নির্দেশনা প্রদান করেন। ব্রীজের এপ্রোচ কাজ প্রয়োজনে টিআর/কাবিখা/ইজিপিপির মাধ্যমে সম্পাদনের অনুরোধ জানান। বিদ্যমান সাইক্লোন সেল্টার, বন্যা আশ্রয়কেন্দ্র মেরামত ও ব্যবহার উপযোগী করার বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। তিনি সকলকে আরো গতিশীল ও পরিকল্পিতভাবে জনগণের উন্নয়নের জন্য কাজ করার আহবান জানান। অতঃপর অনুবিভাগওয়ারি পেন্ডিং বিষয়াদির উপর আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে আহবান জানান।

অধিদপ্তরের পরিচালক (কাবিখা) জনাব আবু সৈয়দ মোহাম্মদ হাশিম কাবিখা অনুবিভাগের; পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) জনাব মোঃ হারুন-অর-রশিদ প্রশিক্ষণ অনুবিভাগের; পরিচালক (ত্রাণ) জনাব মোঃ ইফতেখারুল ইসলাম ত্রাণ অনুবিভাগের এবং পরিচালক (ভিজিডি) জনাব মোঃ গিয়াসউদ্দিন আহম্মেদ ভিজিডি ও মূল্যায়ন অনুবিভাগের; উপ-পরিচালক (পরিকল্পনা) জনাব নুরুন্নাহার চৌধুরী পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের; উপ-পরিচালক (এমআইএম) জনাব মোহাম্মদ হারুন অর রশিদ এমআইএম অনুবিভাগের; উপ-পরিচালক (প্রশাসন-১) জনাব লুৎফুন নাহার প্রশাসন অনুবিভাগের পেন্ডিং বিষয়াদিসহ স্ব-স্ব অনুবিভাগের মাধ্যমে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের সার্বিক তথ্য তুলে ধরেন। সভায় সংশ্লিষ্ট বিভাগের উপ-পরিচালকসহ বিভিন্ন জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

## ১। কাবিখা অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১ | **২০১৬-১৭ অর্থ বছরের কাবিখা/টিআর এর চূড়ান্ত প্রতিবেদনঃ**<br>বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও নিম্নোক্ত জেলা হতে চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। (১) মানিকগঞ্জ (২) ফরিদপুর (৩) মাদারীপুর (৪) শেরপুর (৫) জামালপুর (৬) নেত্রকোনা (৭) নোয়াখালী (৮) কক্সবাজার (৯) বান্দরবান (১০) বরিশাল (১১) পিরোজপুর (১২) ভোলা (১৩) পটুয়াখালী (১৪) বরগুনা (১৫) কুষ্টিয়া (১৬) খুলনা (১৭) রংপুর (১৮) ঠাকুরগাঁও (১৯) সিলেট ও (২০) মৌলভীবাজার | যে সকল জেলা ২০১৬-১৭ অর্থ বছরের প্রতিবেদন প্রেরণ করেনি সে সকল জেলা জুলাই, ২০১৮ এর মধ্যে প্রতিবেদন প্রেরণ করবে। ইতোমধ্যে ২০১৭-১৮ অর্থ বছর শেষ হয়েছে। নির্ধারিত সময়ে ২০১৭-১৮ অর্থ বছরের চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |
| ১.২ | **বেদে ও জেলে সম্প্রদায়ের তথ্যাদি ছক/তালিকাঃ**<br>বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, লক্ষীপুর, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, কুমিল্লা, ফেনী ও ভোলায় ১৬টি জেলার জেলা প্রশাসকগনকে বেদে ও জেলে সম্প্রদায়ের তথ্যাদি প্রেরণের অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে শুধুমাত্র কুমিল্লা হতে তালিকা পাওয়া গেছে। এখনও ১৫টি জেলা হতে প্রতিবেদন পাওয়া যায়নি। | জুলই, ২০১৮ এর মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। যে সকল জেলায় বেদে ও জেলে নাই সে সকল জেলা হতে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |
| ১.৩ | **তাল গাছের বীজ/চারা রোপনঃ**<br>২৮-০৩-২০১৭ খ্রিঃ তারিখে ১৩২ নং স্মারকে স্থানীয়ভাবে তাল গাছের বীজ/চারা সংগ্রহ করে কৃষি বিভাগের পরার্মশ অনুযায়ী তাল গাছের বীজ/চারা রোপনের কার্যক্রম গ্রহণ করতঃ ১৫ দিন অন্তর বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা সত্ত্বেও এ পর্যন্ত নিম্নে উল্লিখিত জেলা হতে তথ্য পাওয়া যায়নিঃ | জরুরিভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (১) শেরপুর (২) মানিকগঞ্জ (৩) নেত্রকোনা (৪) রাজবাড়ী (৫) মাদারীপুর (৬) মাগুরা (৭) সাতক্ষীরা (৮) সিলেট (৯) কুড়িগ্রাম (১০) খাগড়াছড়ি (১১) বান্দরবান (১২) ঠাকুরগাঁও | | |
| ১.৪ | **Electronic Asset Register (EAR) Software এর মাধ্যমে Year wise প্রকল্প তালিকা আপলোড করণঃ**<br>১৩-১১-২০১৭ তারিখে ৯৪৭ নং স্মারকে সকল জেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদেরকে Electronic Asset Register (EAR) Software-এ প্রকল্পের তথ্যাদি আপলোড করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে বড়ইগ্রাম- নাটোর, টুংগিপাড়া-গোপালগঞ্জ, বন্দর-নারায়নগঞ্জ, পবা-রাজশাহী, নবীনগর-ব্রাক্ষনবাড়িয়া, গোয়ালন্দ-রাজবাড়ী, মধুখালী-ফরিদপুর, শিবালয়-মানিকগঞ্জ ও পাংশা-রাজবাড়ী এই ৯টি উপজেলা হতে তালিকা পাওয়া গিয়েছে। এখনও ৪৮১ টি উপজেলা হতে প্রতিবেদন পাওয়া যায়নি। | জুলাই, ২০১৮ এর মধ্যে তালিকা / প্রতিবেদন প্রেরণ করতে হবে। দ্রুততার সাথে রেজিষ্টার হালনাগাদ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |

## ২। পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস, ২০১৭ এর প্রতিবেদনঃ**<br>আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস, ২০১৭ উপলক্ষে র‍্যালী, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্রাংকন প্রতিযোগিতা, ভূমিকম্প মহড়া ইত্যাদি আয়োজনের প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। ২৭ টি জেলা হতে প্রতিবেদন পাওয়া গেছে। | যে সকল জেলা হতে এখনও প্রতিবেদন প্রেরণ করা হয়নি সে সকল জেলা হতে জুলাই, ২০১৮ এর মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |
| ২.২ | **দুর্যোগ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়নঃ**<br>সম্প্রতি সংঘটিত বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন ও কার্যকর সাড়াদান কাজের সুবিধার্থে প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে তথ্যাদি প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ১৪টি জেলা হতে প্রতিবেদন পাওয়া গেছে। | যে সকল জেলা হতে এখনও প্রতিবেদন প্রেরণ করা হয়নি সে সকল জেলা হতে জুলাই, ২০১৮ এর মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |
| ২.৩ | **দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদকরণঃ**<br>জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদ করণের বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। মোট ১৯টি জেলার হালনাগাদ তথ্য পাওয়া গেছে। অবিশিষ্ট ৪১টি জেলা হতে প্রেরণ করা হয় নাই। | যে সকল জেলা এখনও হালনাগাদ তথ্য প্রেরণ করেনি সে সকল জেলা হতে জুলাই, ২০১৮ এর মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |
| ২.৪ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তিঃ**<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের লক্ষ্যে তথ্য সংগ্রহ করা হচ্ছে। | যে সকল জেলা এখনও তথ্য প্রেরণ করেনি সে সকল জেলা পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগে যোগাযোগ করে তথ্য সরবরাহ করবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |
| ২.৫ | **মতামত বাক্স স্থাপনঃ**<br>জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে মতামত বাক্স স্থাপনের ছবিসহ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা প্রতিবেদন দিবেন। এ বিষয়ে পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ হতে তাগিদ প্রদান করা হয়েছে কিন্তু কোন জবাব পাওয়া যায়নি। কোন প্রতিবেদন এখনও পাওয়া যায়নি। | জরুরিভিত্তিতে মতামত বাক্স স্থাপন করে ছবিসহ প্রতিবেদন প্রদান করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |

## ৩। এমআইএম অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **বজ্রপাতের তথ্য প্রেরণঃ**<br>২০১৬-১৭ সালে বজ্রপাতে কত লোক মারা গেছে তার তথ্য উল্লেখপূর্বক নির্ধারিত ছকে তথ্য প্রেরণের অনুরোধ জানানো হয়। এখনও কোন তথ্য সরবরাহ করা হয়নি। | জুলাই/২০১৮ এর মধ্যে নির্ধারিত ছকে চাহিত তথ্য সরবরাহ করতে হবে। এছাড়া, বজ্রপাতে কোন লোক মারা গেলে তাৎক্ষণিকভাবে তথ্য সরবরাহ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |

## ৪। প্রশাসন অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.১ | **রাজস্ব খাতের কর্মচারিদের নামের তালিকাসহ হালনাগাদ তথ্যাবলীঃ**<br>গত ২৭-১১-২০১৭ তারিখের মধ্যে তথ্য প্রেরণের অনুরোধ করা হয়। এ পর্যন্ত ৩২টি জেলা হতে কর্মচারিদের তালিকা পাওয়া গিয়াছে। যে সকল জেলা হতে তথ্য পাওয়া যায়নি সেগুলো হলো (১) গাজীপুর (২) নরসিংদী (৩) মানিকগঞ্জ (৪) ফরিদপুর (৫) মাদারীপুর (৬) শরীয়তপুর (৭) ময়মনসিংহ (৮) শেরপুর (৯) নেত্রকোনা (১০) কিশোরগঞ্জ (১১) টাঙ্গাইল (১২) চাঁপাইনবাবগঞ্জ (১৩) ঠাকুরগাঁও (১৪) পঞ্চগড় (১৫) বগুড়া (১৬) জয়পুরহাট (১৭) পাবনা (১৮) লালমনিরহাট (১৯) চট্টগ্রাম (২০) কক্সবাজার (২১) বান্দরবান (২২) খাগড়াছড়ি (২৩) লক্ষীপুর (২৪) নোয়াখালী (২৫) খুলনা (২৬) কুষ্টিয়া (২৭) ঝিনাইদহ (২৮) মেহেরপুর (২৯) মাগুরা (৩০) বরিশাল (৩১) পটুয়াখালী ও (৩২) সিলেট। | ইতোমধ্যে সকল জেলা হতে রাজস্ব খাতের কর্মচারিদের তথ্য পাওয়া গেছে। তালিকা হালনাগাদ করা হয়েছে। | - |
| ৪.২ | **কর্মকর্তা-কর্মচারিদের পিআরএল এর জন্য আবেদন প্রেরণঃ**<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন জেলা/উপজেলা হতে কর্মকর্তা-কর্মচারিগণের পিআরএল এর আবেদন পিআরএল শুরু হবার পর অত্রাধিদপ্তরে প্রেরণ করা হয়, যা কাম্য নয়। | পিআরএল শুরুর কমপক্ষে ২ মাস পূর্বে আবেদন প্রেরণ করতে হবে। আবেদনের সাথে প্রেরণযোগ্য দলিলাদির একটি চেকলিস্ট প্রস্তুত করে সকলকে অবহিত করতে হবে। | ১. উপ-পরিচালক (প্রশাসন-১/২)<br>২. ডিআরআরও, সকল<br>৩. পিআইও, সকল |
| ৪.৩ | **কর্মকর্তা-কর্মচারিদের গ্রাচুইটি, পেনশন, জিপিএফ, শ্রান্তি বিনোদন, অর্জিত ছুটি, চাকুরি স্থায়ীকরণ আবেদন প্রেরণঃ**<br>কর্মকর্তা-কর্মচারিদের গ্রাচুইটি, পেনশন, জিপিএফ, শ্রান্তি বিনোদন, অর্জিত ছুটি, চাকুরি স্থায়ীকরণ আবেদনে সংশ্লিষ্ট কাগজপত্রাদি না থাকায় বিধি মোতাবেক নথি উপস্থাপন করা যায় না। ফলে আবেদন নিষ্পত্তিতে বিলম্বিত হয়। | সংশ্লিষ্ট কাগজপত্রাদি যথাযথভাবে সঠিক সময়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে প্রশাসন শাখা হতে একটি চেকলিষ্ট প্রেরণ করা হয়েছে। | ১. উপ-পরিচালক (প্রশাসন-১/প্রশাসন-২)<br>২. ডিআরআরও, সকল<br>৩. পিআইও, সকল |
| ৪.৪ | **জেলা ও উপজেলা পর্যায়ের মামলা সংক্রান্ত তথ্যাদি প্রেরণঃ**<br>জেলা ও উপজেলা পর্যায়ের মামলা সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রতিমাসে প্রেরণের নির্দেশনা রয়েছে। তাগিদ পত্র দেয়া সত্বেও যথাযথভাবে তথ্যাদি সরবরাহ করা হচ্ছে না। | যথারীতি তথ্য প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সকল<br>২. পিআইও, সকল |

## ৫। গবেষণা ও প্রশিক্ষণ অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫.১ | **ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা প্রেরণঃ**<br>সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরিশাল, লক্ষ্মীপুর, কক্সবাজার, ফেনী, চট্টগ্রাম জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। চট্টগ্রাম জেলা ব্যতিত অন্য কোন জেলা থেকে এখনও তথ্য পাওয়া যায়নি। | ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সঠিক/প্রকৃত সদস্য সংখ্যা উল্লেখসহ জুলাই, ২০১৮ এর মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |

## ৬। ত্রাণ অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬.১ | **মোহাজের সম্পত্তিঃ**<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক মোহাজের পুনর্বাসনে এলএ কেইস এর মাধ্যমে দেশের ৪১ জেলায় অধিগ্রহণকৃত/ক্রয়কৃত জমির সঠিক তথ্য সংরক্ষণ, জমির রেকর্ডপত্র সংশোধন, দখল/বেদখল জমির পরিমাণ নিরুপন এবং তা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর উপস্থাপনের নির্দেশনা রয়েছে। | দখলদারের বিবরণসহ মোজাহের সম্পত্তির তথ্য জুলাই, ২০১৮ এর মধ্যে তালিকা / প্রতিবেদন আকারে প্রেরণ করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |
| ৬.২ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় / দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধিগ্রহণকৃত/ক্রয়কৃত জমির তথ্যঃ**<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক অধিগ্রহণকৃত/ক্রয়কৃত জমির তথ্য মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক এ অধিদপ্তরে প্রেরণ করতে নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, ঠাকুরগাঁও, বগুড়া, দিনাজপুর, মেহেরপুর, ভোলা, লালমনিরহাট, ঝিনাইদহ, নীলফামারী ও সিলেট জেলার জেলা | আগস্ট, ২০১৮ এর মধ্যে জমির তথ্য প্রদান করতে হবে। প্রেরিত তথ্যের মধ্যে দখল ও বেদখল জমির তথ্য আলাদাভাবে উল্লেখ | ১. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল<br>২. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রশাসক/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।<br>দেশের ৪১ জেলার মধ্যে ২৯ জেলা হতে প্রাপ্ত জমির তথ্যাদি ইতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ঢাকা জেলা হতে প্রাপ্ত জমির তথ্য পরিক্ষাধীন। অবশিষ্ট ১১ জেলা [(১) নওগাঁ, (২) চাঁপাইনবাবগঞ্জ, (৩) ঠাকুরগাঁও, (৪) বগুড়া, (৫) দিনাজপুর, (৬) মেহেরপুর, (৭) ভোলা, (৮) লালমনিরহাট (৯) ঝিনাইদহ, (১০) নীলফামারী ও (১১) সিলেট]-কে একাধিক বার অনুরোধ করা হলেও সংশ্লিষ্ট জেলা হতে জমির তথ্য না পাওয়ায় মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। অধিগ্রহণকৃত জমির তথ্য দাখিলের জন্য এ অধিদপ্তরের ০২.৮.১৭ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০১৫.১৬.০০৯.১৬-৬৫৩ নং স্মারকে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়েছে। | করতে হবে। | |
| ৬.৩ | **ভূমি উন্নয়ন করঃ**<br>প্রতি বছরের ন্যায় চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর এর চাহিদা দাখিলের জন্য এ অধিদপ্তরের ২৩.৮.২০১৭ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০১৫.২০.০০৩.১৩-৭২৮ নং স্মারকে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, শেরপুর, রাজবাড়ী, ফরিদপুর, চট্টগ্রাম, ব্রাক্ষ্মণবাড়ীয়া, চাঁদপুর, কুমিল্লা, নোয়াখালী, ফেনী, কক্সবাজার, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, পাবনা, রংপুর, নীলফামারী, ঠাকুরগাঁও, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, গাইবান্ধা, খুলনা, মেহেরপুর, কুষ্টিয়া, সাতক্ষীরা, ঝিনাইদহ, মাগুরা, চুয়াডাংগা, যশোর, নড়াইল, বরিশাল, বরগুনা, ভোলা, সিলেটকে অনুরোধ করা হয়।<br><br>৪১টি জেলার মধ্যে গাজীপুর, রাজবাড়ী, ফরিদপুর, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, মেহেরপুর, সাতক্ষীরা, চুয়াডাংগা, নড়াইল, যশোর, ঝিনাইদহ, বরিশাল, বরগুনা হতে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর এর চাহিদা পাওয়া গিয়াছে। | ২০১৭-২০১৮ অর্থ বছরের চাহিদা মোতাবেক ভূমি উন্নয়ন করের বরাদ্দ প্রদান করা হয়েছে। কোন জেলা হতে চাহিদা দাখিল না করে থাকলে জরুরিভিত্তিতে চাহিদা দাখিল করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |

## ৭। ভিজিডি অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭.১ | **দুর্যোগ ঝুঁকিহ্রাস কর্মসূচিঃ**<br>দুর্যোগ ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ২৬টি জেলায় ১৪৫,৬৪,১৭,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। এর মধ্যে ৩৯,৫১,০০,১৪৯/৮৩ টাকা আদায় হয়েছে। ঋণ আদায়ের ব্যাপারে অত্র অধিদপ্তর হতে ৪টি তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে যার স্মারক নং- ০৫, তারিখঃ ১৩-০৩-২০১৬, স্মারক নং- ১৫, তারিখঃ ১০-০৭-২০১৬, স্মারক নং- ২৪, তারিখঃ ২০-০৯-২০১৬, স্মারক নং- ০৫, তারিখঃ ১২-০২-২০১৭ খ্রিঃ | ক. দ্রুত ঋণ আদায়ের লক্ষ্যে জেলা কর্ণধার কমিটিতে বিষয়টি অন্তর্ভুক্ত করে সিদ্ধান্ত গ্রহণপূর্বক আদায় ত্বরান্বিত করতে হবে।<br>খ. পিআইও-দের সাথে অনুষ্ঠিত মাসিক পর্যালোচনা সভায় গঠনমূলক আলোচনার মাধ্যমে ঋণ আদায়ের ব্যবস্থা নিতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |
| ৭.২ | **সাময়িক বেকারত্ব মোচন কর্মসূচিঃ**<br>সাময়িক বেকারত্ব মোচন কর্মসূচির আওতায় ৭টি জেলায় ৪,৫০,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। এর মধ্যে ৯৮,২৩,৯০৮/৫৬ টাকা আদায় হয়েছে। ঋণ আদায়ের ব্যাপারে অত্র অধিদপ্তর হতে ৪টি তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে যার স্মারক নং- ০৫, তারিখঃ ১৩-০৩-২০১৬, স্মারক নং- ১৫, তারিখঃ ১০-০৭-২০১৬, স্মারক নং- ২৪, তারিখঃ ২০-০৯-২০১৬, স্মারক নং- ০৫, তারিখঃ ১২-০২-২০১৭ | ক. সাময়িক বেকারত্ব মোচন কর্মসূচির টাকা দ্রুত আদায়ের লক্ষ্যে জেলা কর্ণধার কমিটিতে বিষয়টি অন্তর্ভুক্ত করে সিদ্ধান্ত গ্রহণপূর্বক আদায় ত্বরান্বিত করতে হবে।<br>খ. পিআইও-দের সাথে অনুষ্ঠিত মাসিক পর্যালোচনা সভায় আলোচনার মাধ্যমে ঋণ আদায়ের ব্যবস্থা নিতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল |
| ৭.৩ | **ভিজিএফ এর পরিবহন খরচঃ**<br>ভিজিএফ এর পরিবহন খরচ পূর্বেকার হারে ধরা আছে, পরিবহন খরচ পরিবর্তন হওয়া প্রয়োজন। এছাড়া ভিজিএফ এর বরাদ্দ ১০ কেজির স্থলে ২০ কেজি করার বিষয়ে সভায় সকলে মত পোষণ করেন। ভিজিএফ বিতরণের ক্ষেত্রে জেলা সদরের পৌরসভাকে অগ্রাধিকার দেয়া প্রয়োজন। | ভিজিএফ এর পরিবহন খরচ যুগোপযোগী করতে হবে। প্রয়োজনে ভিজিএফ কার্ডের সংখ্যা কমিয়ে বরাদ্দের পরিমান ১০ কেজির স্থলে ২০ কেজি করা এবং পরিবহন খরচ যুগোপযোগী করার বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | ১. পরিচালক (ভিজিএফ)<br>২. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>৩. পিআইও, সংশ্লিষ্ট সকল |

## ৮। মূল্যায়ণ ও পরিবীক্ষণ অনুবিভাগ

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮.১ | **২০১৬-১৭ অর্থ বছরের কাবিখা ও টিআর এর সমাপ্তি প্রতিবেদন প্রেরণঃ**<br>২০১৬-১৭ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা)" এবং "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ এবং জেলা প্রশাসকগণকে নিম্নে বর্ণিত তারিখ ও স্মারকে ৭ (সাত) টি পত্র দেয়া হয়ঃ<br>১. ক) উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- তারিখঃ ২২-০৬-২০১৭, স্মারক নং ৯১, খ) উপজেলা নির্বাহী অফিসার- তারিখঃ ০২-০৮-২০১৭, স্মারক নং ১১১, গ) উপজেলা নির্বাহী অফিসার- তারিখঃ ০১-০৯-২০১৭, স্মারক নং ১১৯, ঘ) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা- তারিখঃ ২৫-০৯-২০১৭, স্মারক নং ১২৭, ঙ) উপজেলা নির্বাহী অফিসার- তারিখঃ ২৫-০৯-২০১৭, স্মারক নং ১২৮, চ) জেলা প্রশাসক- তারিখঃ ১৭-১০-২০১৭, স্মারক নং ১৩৫, ছ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- তারিখঃ ১৭-১০-২০১৭, স্মারক নং ১৩৭।<br>২. মূওপ অনুবিভাগ হতে ০৭ টি পত্র দেয়ার পর ১১৯ টি উপজেলার সমাপ্তি প্রতিবেদন না পাওয়ায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করে গত ৩১-১০-২০১৭ খ্রিঃ তারিখ ১৪০ নং স্মারকে পরিচালক (প্রশাসন) মহোদয় বরাবর উপজেলার তালিকাসহ ইউও নোট প্রেরণ করা হয়েছে।<br>২৭-১১-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৩০ টি উপজেলার সমাপ্তি প্রতিবেদন পাওয়া যায়নি- (কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া, নাটোর জেলার সদর ও নলডাংগা, রংপুর জেলার সদর, পীরগঞ্জ ও তারাগঞ্জ, কুড়িগ্রাম জেলার রাজিবপুর ও রৌমারী, চট্টগ্রাম জেলার- রাংগুনিয়া, বোয়ালখালী ও চন্দনাইশ, কক্সবাজার জেলার কক্সবাজার সদর, উখিয়া ও রামু, বান্দরবান জেলার নাইক্ষংছড়ি, লক্ষ্মীপুর জেলার রায়পুর, কুষ্টিয়া জেলার কুমারখালী ও মিরপুর, ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর, কালিগঞ্জ ও হরিনাকুন্ডু, চুয়াডাংগা জেলার চুয়াডাংগা সদর ও আলমডাংগা, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ, সিলেট জেলার বিশ্বনাথ, দক্ষিণ সুরমা, ফেঞ্চুগঞ্জ, জকিগঞ্জ, গোয়াইনঘাট ও কানাইঘাট উপজেলা)। | জুলাই, ২০১৮ এর মধ্যে চূড়ান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। ইতোমধ্যে ২০১৭-১৮ অর্থ বছর শেষ হয়েছে। নির্ধারিত সময়ে ২০১৭-১৮ অর্থ বছরের চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |
| ৮.২ | **২০১৬-১৭ অর্থ বছরের প্রাক-জরিপ প্রতিবেদনঃ**<br>২০১৬-১৭ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা)" এবং "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচির আওতায় বাস্তবায়িতব্য প্রকল্পসমূহের প্রাক-জরিপ সম্পাদন করে গত ২৮-০২-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য গত ০৮-০১-২০১৭ খ্রিঃ তারিখ ৫১.০১.০০০০.০২২.১৬.০৫৮.১৫-০৫ নং স্মারকে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের পত্র দেয়া হয়। পরবর্তীতে গত ০৬.০৩.২০১৭ খ্রিঃ তারিখ ৫১.০১.০০০০.০২২. ১৬.০৫৮.১৫-১৫ নং স্মারকে প্রাক-জরিপের সময় ২০-০৩-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এ পর্যন্ত মোট ১৪ টি জেলার [চাঁদপুর, বরিশাল, কুষ্টিয়া, যশোর, রাংগামাটি, নারায়নগঞ্জ, বাগেরহাট, নাটোর, নড়াইল, মেহেরপুর, দিনাজপুর, জয়পুরহাট, নিলফামারী ও সিরাজগঞ্জ] জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের নিকট হতে প্রাক-জরিপ প্রতিবেদন পাওয়া যায়। অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) টি জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগনের নিকট হতে ২০১৬-১৭ অর্থ বছরের প্রাক-জরিপ প্রতিবেদন পাওয়া যায়নি। | ২০১৬-১৭ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা / কাবিটা)" এবং "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের প্রাক-জরিপ প্রতিবেদন প্রেরণ না করার কারণসহ ২০১৮-১৯ অর্থ অর্থ বছরে গৃহীতব্য প্রকল্পের প্রাক জরিপ যাচাই নির্ধারিত সময়ে অর্থাৎ কাজ শুরুর আগেই সম্পন্ন করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |
| ৮.৩ | **২০১৬-১৭ অর্থ বছরের পরিবীক্ষণ প্রতিবেদনঃ**<br>২০১৬-১৭ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা)" এবং "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচির আওতায় বাস্তবায়িতব্য প্রকল্পসমূহের পরিদর্শন করে ৩০-০৬-২০১৭ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য ০২-০৫-২০১৭ তারিখঃ ৫১.০১.০০০০.০২২.১৬. ০৫৮.১৫-৬৮ নং স্মারকে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের পত্র দেয়া হয়। এ পর্যন্ত মোট ০৪ টি জেলার (যশোর, নারায়নগঞ্জ, সাতক্ষীরা ও দিনাজপুর) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের নিকট হতে পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়। অবশিষ্ট ৬০ (ষাট) টি জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগনের নিকট হতে ২০১৬-১৭ অর্থ বছরের পরিদর্শন / পরিবীক্ষণ প্রতিবেদন পাওয়া যায়নি। | ২০১৬-১৭ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা / কাবিটা)" এবং "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের পরিবীক্ষণ যথাসময়ে সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ না করার কারণসহ ২০১৭-১৮ অর্থ অর্থ বছরে বাস্তবায়িতব্য প্রকল্পের পরিবীক্ষণ / মনিটরিং করে | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। | |
| ৮.৪ | **২০১৬-১৭ অর্থ বছরের কর্মোত্তর জরিপ প্রতিবেদনঃ**<br>২০১৬-১৭ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা)" এবং "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচির আওতায় বাস্তবায়িতব্য প্রকল্পসমূহের কর্মোত্তর জরিপ কাজ সম্পাদন করে গত ২৮-০৯-২০১৭ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য ১৩-০৭-২০১৭ তারিখ ৫১.০১.০০০০.০২২.১৬.০৫৮.১৫-১০২ নং স্মারকে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের পত্র দেয়া হয়। পরবর্তীতে গত ১৮-১০-২০১৭ তারিখঃ ৫১.০১.০০০০.০২২.১৬.০৫৮.১৫-১৩৮ নং স্মারকে কর্মোত্তর জরিপের সময় ৩০-১১-২০১৭ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এ পর্যন্ত মোট ০৯ (নয়) টি জেলার [চাঁদপুর, রাংগামাটি, নারায়নগঞ্জ, নাটোর, সাতক্ষীরা, দিনাজপুর, পঞ্চগড়, নিলফামারী ও সিরাজগঞ্জ] জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের নিকট হতে কর্মোত্তর জরিপ প্রতিবেদন পাওয়া যায়। অবশিষ্ট ৫৫ (পঞ্চান্ন) টি জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগনের নিকট হতে ২০১৬-১৭ অর্থ বছরের কর্মোত্তর জরিপ প্রতিবেদন পাওয়া যায়নি। | ২০১৬-১৭ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা / কাবিটা)" এবং "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)" কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের কর্মোত্তর জরিপ যথাসময়ে সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ না করার কারণসহ ২০১৭-১৮ অর্থ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পের কর্মোত্তর জরিপ যাচাইপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। | ১. ডিআরআরও, সংশ্লিষ্ট সকল<br>২. পিআইও, সংশ্লিষ্ট সকল |
| ৮.৫ | **২০১৬-১৭ অর্থ বছরের নিজ কার্যালয় ও উপজেলা কার্যালয় পরিদর্শনঃ**<br>প্রাক-জরিপ, পরিবীক্ষণ এবং কর্মোত্তর জরিপের সময় নির্ধারিত ছকে নিজ কার্যালয়সহ উপজেলা কার্যালয় পরিদর্শন করতে হবে এবং অফিস পরিদর্শন প্রতিবেদন প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়।<br>এ পর্যন্ত জানুয়ারী-সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত মোট ০৭ টি জেলা কার্যালয় এবং ৫৩ টি উপজেলা কার্যালয় পরিদর্শন করা হয়েছে। অবশিষ্ট ৫৭ টি জেলা কার্যালয় এবং ৪৩৭ টি উপজেলা কার্যালয় জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগনের নিকট হতে ২০১৬-১৭ অর্থ বছরের অফিস পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। | প্রাক-জরিপ, পরিবীক্ষণ এবং কর্মোত্তর জরিপের সময় নির্ধারিত ছকে নিজ কার্যালয়সহ উপজেলা কার্যালয় পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | ১. পরিচালক (মূওপ)<br>২. ডিআরআরও, সকল |

**৯। বিবিধঃ**

| নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৯.১ | **ডিআরআরও/পিআইও অফিসে জনবল পদায়নঃ**<br>জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে জনবল সংকট রয়েছে। জনবল পদায়নের অনুরোধ জানান। | কর্মচারি নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। কর্মচারি নিয়োগের পর জনবল পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপ-পরিচালক (প্রশাসন-২) |
| ৯.২ | **ডিআরআরগণের উন্মুক্ত আলোচনাঃ**<br>১. ডিআরআরও-দের বেতন স্কেলের বৈষম্যতা, সংকট রয়েছে। বেতন স্কেলের বৈষম্যতা, সংকট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | ১. ডিআরআরও-দের বেতন স্কেলের বৈষম্যতা নিরসনে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | ১. উপ-পরিচালক (প্রশাসন-১) |

সভাপতি উপস্থিত জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করেন। আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**( মোঃ রিয়াজ আহম্মদ )**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ৯৮৪১৫৮১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর**
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.২৯.০০১.১৬. ৬২২ তারিখঃ ০৮-০৮-২০১৮ খ্রিঃ

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক ..................................., সকল, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, .........................(সকল)।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য]।
৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ............................. (সকল)।
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ................................. (সকল)।
৮। পিএ টু ডিজি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

**( লুৎফুন নাহার )**
(উপ-সচিব)
উপ-পরিচালক (প্রশাসন-১)
ফোনঃ ৯৮৬১৩৬০

Burhan\C:\Users\Dell\Desktop\Resolution_DRRO_Meeting_July2018.docx